

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.১১.০০২.১৮-৯৫৫

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৬
০১ জুলাই ২০১৯

নিয়োগপত্র

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের রাজস্ব খাতের গ্রেড-১৬ ভুক্ত ‘গাড়িচালক’ পদে জাতীয় বেতনক্ষেত্রে ২০১৫ এর ৯৩০০-২২৪৯০/- টাকা বেতনক্ষেত্রে এবং সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতাদিসহ নিম্নরূপ শর্তসমূহকে সম্পূর্ণ অঙ্গীভাবে নিয়োগ প্রদান করা হল:

ক্রম	রোল নম্বর	প্রার্থী এবং মাতা ও পিতার নাম	স্থায়ী ঠিকানা
০১.	৫০০০৮	নামঃ মোঃ আতিকুর রহমান মাতাঃ মোছাঃ মিনা বেগম পিতাঃ মোঃ আব্দুল জব্বার মিয়া	গ্রামঃ সর্দার টারি, ডাকঘরঃ মিয়া পাড়া উপজেলাঃ ফুলবাড়ি, জেলাঃ কুড়িগ্রাম

শর্তাবলী:

- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালে চাকরিতে বহাল রাখা অনুযোগী বলে বিবেচিত হলে কোন প্রকার কারণ দর্শনে ব্যতিরেকেই তাঁকে চাকরিচ্ছত করা যাবে অথবা প্রয়োজনে শিক্ষানবিশকাল বৃদ্ধি করা যাবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ এবং স্থায়ী ঠিকানা সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত ব্যক্তির স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শনে ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি'কে যোগদানের সময় নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক সুস্থিতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা ও সরকার কর্তৃক নির্ধারিত এবং সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- চাকরিতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির জ্যোষ্ঠতা সংশ্লিষ্ট বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- যোগদানের সময় প্রবেশপত্রের মূলকপি ও সকল সনদপত্রের মূলকপি জমা প্রদান করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত প্রার্থীদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র/নির্দেশনা অনুযায়ী কোটা সংশ্লিষ্ট সকল সনদসহ অন্যান্য কাগজপত্রাদির মূলকপি জমা প্রদান করতে হবে এবং তথ্যাদি সঠিক পাওয়া না গেলে এ নিয়োগ বাতিল করা হবে;
- শিক্ষানবিশকালে যেকোন সময় কোন কারণ দর্শনে ব্যতিরেকে ১৫ (পনের) দিনের নোটিশে চাকরি হতে বরখাস্ত/অপসারণ করা যাবে। অনুরূপভাবে চাকরি পরিত্যাগ করলে ০৭ (সাত) দিন পূর্বে ইন্টফাপত্র দাখিল করতে হবে এবং ১৫ (পনের) দিনের মূলবেতনের সমপরিমাণ টাকা সরকারি খাতে জমা দিতে হবে;
- চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টি/ডি/এ প্রদান করা হবে না।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৪ জুলাই ২০১৯ তারিখ রবিবার যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

ঝুঃ

(ড. মোঃ কামরুল আহসান)

যুগ্মসচিব (প্রশাসন)

ফোন: ৯৫১৪৮৮৬

নং-৩৫.০০.০০০০.০০৮.১১.০০২.১৮-৯৫৫

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৬
০১ জুলাই ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ✓ ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৮। জনাব.....!
- ৯। অফিস কপি/মাস্টার কপি/ব্যক্তিগত নথি/সার্ভিস বহি কপি।

০১/০৭/২০১৯

(ড. মোঃ কামরুল আহসান)

যুগ্মসচিব (প্রশাসন)